FEB 1 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ......

দৈনিক

# আগামীকাল থেকে বাংলা একাডেমীর বইমেলা শুরু

স্টাফ রিপোর্টার ঃ বাংলা একাডেমীর অমর একুশে বইমেলা আগামীকাল (শুক্রবার) থেকে শুরু হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামীকাল বিকেল সাড়ে ৩টায় মাসব্যাপী এই বইমেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। তবে বাংলা একাডেমীর মহাপরিচালকের নানা দুর্নীতি-অনিয়ম স্বেচ্ছাচারিতার প্রতিবাদে একাডেমীর কার্যনির্বাহী কমিটির নির্বাচিত ৬ জন নির্বাহী সদস্যই বই মেলার উদ্বোধনী অনুষ্ঠান বয়কট এবং একজন সদস্য বইমেলায় অনশন করতে পারেন বলে জানা গেছে। জাতীয়তাবাদী ছাত্রদল ইতিপূর্বেকার বইমেলাগুলোর উদ্বোধনী অনুষ্ঠানে তথা ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগমন প্রতিরোধ করার লক্ষ্যে কালোপতাকা মিছিলসহ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করলেও এবার তার শুধু বিক্ষোভ প্রদর্শনের সিদ্ধান্ত নিয়েছে। এদিকে বইমেলার উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে গতকাল থেকেই বাংল একাডেমীতে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। পুলিশের পাশাপাশি প্রধানমন্ত্রীর গার্ড রেজিমেন্টের সদস্যরাও গতকাল থেকেই উদ্বোধনী অনুষ্ঠানের মঞ্চের আশপাশে এবং মহাপরিচলকের কক্ষের বাইরে সারাক্ষণ পাহারা দিয়ে চলেছে। ইতোপূর্বে আর কখনোই এতো আগে থেকে বাংলা একাডেমীতে পুলিশ বা প্রধানমন্ত্রীর গার্ড রেজিমেন্টের সদস্যদের এভাবে পাহারা দিতে দেখা যায়নি। বইমেলার স্টলগুলোর বিক্রয় কর্মীদের জন্যও এবার ছবিসহ বিশেষ পরিচয়

৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## আগামীকাল থেকে বাংলা একাডেমীর বইমেলা শুরু

প্রথম পৃষ্ঠার পর

পত্রের ব্যবস্থা করা হয়েছে। যদিও এর জন্য বাড়তি টাকা নিয়ে গতকাল পর্যন্ত তা বিতরণ করা হয়নি। এনিয়ে স্টল মালিকদের মধ্যে প্রচন্ড ক্ষোভ বিরাজ করছে।

এবারের বই মেলায় মোট ২৩৭টি প্রকাশনা প্রতিষ্ঠান ৩৩৭টি স্টলে অংশগ্রহণ করছে। এসব স্টলের সাজসজ্জার কাজ এখনো শেষ হয়নি। বইমেলায় এবার রেকর্ড সংখ্যক এক হাজার নতুন বই প্রকাশিত হবে বলে সংশ্লিষ্ট প্রকাশকরা উল্লেখ করেছেন।

বইমেলার মঞ্চে প্রতিদিন বিকালে একুশ শতকের দাবী ও সম্ভাবনা নিয়ে বিভিন্ন বিষয়ভিত্তিক আলোচনা সভা এবং সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানেরও ব্যবস্থা করা হয়েছে। বইমেলাকে এবারও পলিথিন ও ধূমপান মুক্ত করা হয়েছে এবং শিশুতোষ বইয়ের স্টলগুলোর জন্য একটি পৃথক স্থান বরাদ্দ করা হয়েছে। মেলায় ২০% কমিশনে বই বিক্রি হবে এবং কোন বিদেশী বই এখানে পাওয়া যাবে না। ১৮ লাখ টাকা ব্যয়ে আয়োজিত এ মেলায় প্রবেশের জন্য কোন মূল্য দিতে হবে না। প্রতিদিন বিকাল ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত এবং শুক্রবার ও অন্যান্য সরকারী ছুটির দিনে সকাল ১১টা থেকে রাত ৯টা পর্যন্ত বইমেলা সবার জন্য উন্মুক্ত থাকবে।

বইমেলা উপলক্ষে গতকাল বাংলা একাডেমীতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একাডেমীর মহাপরিচালক প্রফেসর সৈয়দ আনোয়ার হোসেন বলেন, মেলায় বইয়ের অরণ্য চাই না, কেবল ভাল বই। প্রকাশিত বইয়ের গুণগত মান দেখেই ৩৫২টি আবেদনকারী প্রতিষ্ঠানের মধ্য হতে বাছাই করে ২৩৭টি প্রতিষ্ঠানকে স্টল দেয়া হয়েছে বলে তিনি জানান। এনজিওদের স্টল বরাদ্দ প্রসঙ্গে তিনি বলেন, সরকারের নীতি অনুযায়ী উন্নয়ন কর্মকাণ্ডে জড়িত এনজিওদের সব সময়ই অগ্রাধিকার দিতে হয়। 'গতিধারা' নামের একটি প্রকাশনা প্রতিষ্ঠানকে সকল যোগ্যতা থাকা সত্ত্বেও স্টল বরাদ্দ না করা প্রসঙ্গে তিনি বলেন, গত বছর তারা নীতিমালা ভঙ্গ করেছিল। তাছাড়া একটি বইয়ের নকলের অভিযোগে ঐ প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেয়ার জন্য সরকারের নির্দেশ রয়েছে। বইমেলার স্টল ভাড়া থেকে ১২ লাখ টাকা উঠে আসবে বলে তিনি তথ্য দেন। এক প্রশ্নের উত্তরে তিনি জানান, কার্যনির্বাহী কমিটির ৬ জন সদস্যের বয়কটে বইমেলার কোন সমস্যা ব... নিতেও কখনই সমস্যা হয়নি। তবে এ বিষয়ে তিনি বিস্তারিত তথ্য দিতে অস্বীকৃতি জানান।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্যে মহাপরিচালক ডঃ সৈয়দ আনোয়ার হোসেন বলেন, বইমেলা হচ্ছে আমাদের সাংস্কৃতিক ঐতিহ্য ও সৃষ্টিশীলতার শৈল্পিক প্রদর্শনী। অমর একুশে বইমেলা একটি সংহত ও গৌরবোজ্জ্বল মিলন মেলায় পরিণত হয়েছে এবং মানুষের সাথে মানুষের সম্পৃক্তায়নে এই মেলা বিশেষ ভূমিকা পালন করছে। বইকে একটি জাতির সৃজনশীলতার সূচক হিসেবে উল্লেখ করে তিনি বলেন, বইমেলা সক্রিয় ও সৃষ্টিশীল মানুষের অংশগ্রহণের মা